গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩৪১

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

বিষয়: **মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৪৯৭০/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার চাটখিল উপজেলার রামনারায়ণপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মুহাম্মদ নোমান ছিদ্দিক বিগত ০১/০৪/২০১৭ ইং তারিখে অত্র বিদ্যালয়ে প্রধান শিক্ষক পদে যোগদানকরত: অদ্যাবধি কর্মরত আছেন।

বিদ্যালয়ের শিক্ষক কর্মচারীদের নভেম্বর ২০২০ মাসের বিল তৈরি করে সভাপতির স্বাক্ষরের জন্য প্রেরণ করলে সভাপতি সাহেব একক ক্ষমতাবলে বিলের একাধিক স্থানে কাটাকাটি করে ১৯/১১/২০২০ ইং থেকে ৩০/১১/২০২০ ইং পর্যন্ত প্রধান শিক্ষকের বেতন কর্তন করে বিল জমা দেওয়া হয়। সভাপতি সাহেবের একক সিদ্ধান্তে বেতন বিলে প্রধান শিক্ষকের নাম বাদ দিয়ে ডিসেম্বর/২০২০, জানুয়ারি/২০২১, ফেব্রুয়ারি/২০২১ মাসের সহকারী প্রধান শিক্ষককে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক দেখিয়ে বেতন বিলে স্বাক্ষর করে শিক্ষক কর্মচারীদের বেতন বিল তৈরি করে ব্যাংকে জমা দেওয়া হয়।

বর্তমানে সহকারী প্রধান শিক্ষক কর্তৃক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের স্বাক্ষর যুক্তে সভাপতি সাহেবের একক নির্দেশে বিদ্যালয় কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। প্রধান শিক্ষকের সিদ্ধান্তহীনভাবে বেতন ভাতা বন্ধ হয়ে যাওয়ায় বর্তমানে মানবেতর জীবন যাপন করছে এ বলে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বরাবর ০৮/০৩/২০২১ ইং তারিখে আবেদন করেন।

জনাব মুহাম্মদ নোমান ছিদ্দিকের আবেদন পত্রের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৯৭০/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০৮/১১/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

"The Respondent No. 3 is directed to dispose of the application of the petitioner dated 08.03.2021 as evident in Annexure-F to the instant writ petition in accordance with the relevant law and rules within 15 (fifteen) working days from the date of receipt of the instant order."

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৪৯৭০/ ২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ০৮/০৩/২০২১ইং তারিখের আবেদনটি (Annexure-F) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ তথ্য এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮-১২-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩৪১/১(৪)

তারিখ: ১৩ পৌষ ১৪২৮
২৮ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২৮-১২-২০২১
মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব